



রোহিঙ্গা সংকট এখন জাতীয় নিরাপত্তার জন্য হুমকি: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

রোহিঙ্গা সংকট এখন দেশের জন্য একটি জটিল ও সংবেদনশীল পরিস্থিতিতে রূপ নিয়েছে বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ।

শনিবার সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অফিসকক্ষে জাতিসংঘের আবাসিক সমন্বয়কারী ক্যারল ফ্লোর-স্মেরেজনাইকের সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে তিনি এ মন্তব্য করেন।

বৈঠকে দুই পক্ষের মধ্যে আইনশৃঙ্খলা পরিস্থিতি, রোহিঙ্গা ইস্যু, শান্তিরক্ষা মিশনে বাংলাদেশ পুলিশের অংশগ্রহণ, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) বাস্তবায়ন, বাণিজ্য ও বিনিয়োগসহ নানা বিষয় নিয়ে আলোচনা হয়।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, বাংলাদেশ সবসময় শান্তিপূর্ণ ও টেকসই অভিবাসন নীতিতে বিশ্বাসী। তবে রোহিঙ্গা পরিস্থিতি এখন জাতীয় নিরাপত্তার জন্য বড় ধরনের চ্যালেঞ্জ তৈরি করেছে।

তিনি আরও বলেন, এই সংকট মোকাবিলায় আন্তর্জাতিক সহযোগিতা ও জাতিসংঘের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। একই সঙ্গে রোহিঙ্গাদের জন্য চলমান মানবিক সহায়তা প্রয়োজনের তুলনায় এখনও অপ্রতুল।

বৈঠকে জাতিসংঘের আবাসিক সমন্বয়কারী বলেন, রোহিঙ্গা সংকটসহ বাংলাদেশের উন্নয়ন অগ্রযাত্রায় সংস্থাটি অংশীদার হিসেবে কাজ চালিয়ে যাবে। তিনি সহযোগিতা আরও বাড়ানোর সম্ভাব্য ক্ষেত্রগুলো নিয়ে মতামত চান।

স্বরাষ্ট্রমন্ত্রী জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বাংলাদেশ সেনাবাহিনী ও পুলিশের অবদানের কথা তুলে ধরে বলেন, এই অংশগ্রহণ আন্তর্জাতিক অঙ্গনে দেশের ভাবমূর্তি উজ্জ্বল করেছে।